Lens Asia

১৭ আগস্ট, ২০২৬

# সরকার প্রতিশ্রুতি বাস্তবায়নে এগিয়ে যাচ্ছে: রিজভী



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা রুহুল কবীর রিজভী বলেছেন, দায়িত্ব নেওয়ার পর থেকে প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বাধীন সরকার নির্বাচনের আগে দেওয়া প্রতিশ্রুতিগুলো বাস্তবায়নে ধারাবাহিকভাবে কাজ করছে।

সোমবার (১৭ আগস্ট) রাজধানীর তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের 'শাপলা' হলে বিএনপি সরকারের দায়িত্ব গ্রহণের ১৮০ দিন পূর্তি উপলক্ষে আয়োজিত মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন।

রিজভী বলেন, সরকারের বিভিন্ন উদ্যোগের মধ্যে সামাজিক নিরাপত্তা, শিক্ষা ও স্বাস্থ্য খাতকে গুরুত্ব দেওয়া হচ্ছে। জনগণের প্রয়োজনকে সামনে রেখে এসব ক্ষেত্রে কার্যক্রম চালিয়ে যাচ্ছে সরকার।

LENS ASIA